**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 21-04.2026** — **Desk in Charge: SDG**
**Time: 7-50 PM** — **Edit & Compile: Priya B.**
**DEO: KB** — **NRT: Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা শেষ হয়েছে। সেই সঙ্গেই শুরু হয়েছে 'সাইলেন্স পিরিয়ড'। এই দফায় ১৬ টি জেলার ১৫২ টি আসনে আগামী ২৩-শে এপ্রিল ভোট গ্রহণ। # মোট প্রার্থী রয়েছেন এক হাজার ৪৭৮ জন। # এদিকে, দ্বিতীয় দফা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে।

২/ সাইলেন্স পিরিয়ডের আইন, অক্ষরে অক্ষরে মেনে চলার জন্য জেলা নির্বাচনী আধিকারিক এবং পুলিশ সুপারদের কড়া নির্দেশ, নির্বাচন কমিশনের। #ভোটের দু-দিন আগে থেকেই সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে মোটরবাইক চলাচলের ওপর বেশকিছু বিধি নিষেধ জারি করেছে নির্বাচন কমিশন।

৩/ নির্বাচনের কাজে অধ্যাপকদের নিয়োগের ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নিষেধাজ্ঞায়, স্থগিতাদেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।

৪/ পশ্চিম মেদিনীপুরের দাঁতনে বিজেপি প্রার্থী ও কর্মী সমর্থকদের উপর প্রাণঘাতী হামলার অভিযোগ উঠেছে, তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। # নির্বাচনকে কেন্দ্র করে কোনোরকম হিংসায়, দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন CEO ।

৫/ দক্ষিণবঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহ ও অস্বস্তিকর গরমের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***********************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা শেষ হয়েছে। সেই সঙ্গেই শুরু হয়েছে 'সাইলেন্স পিরিয়ড'। এই দফায় ১৬ টি জেলার ১৫২ টি আসনে আগামী ২৩-শে এপ্রিল ভোট গ্রহণ।

**প্রথম দফার** জন্য আজ শেষ মুহূর্তের প্রচারে সব রাজনৈতিক দলের তারকা প্রচারকরা মিটিং মিছিল, জনসভা করেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ শিলিগুড়ি, পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনি এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে চারটি জনসভা করেন। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন।

এদিকে, দ্বিতীয় দফা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর ও জগদ্দল ও কলকাতার জোড়াসাঁকোতে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসকে টার্গেট করে রাজ্যে ইডি, CBI-কে পাঠানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – মমতা)

তাঁর আরো অভিযোগ, সরকারী কর্মচারীদের জন্য মহার্ঘ্যভাতা বৃদ্ধির ঘোষণা ভোটের আগে করা হলেও নির্বাচন কমিশন ফাইল আটকে রেখেছে। দলের নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ পূর্ব বর্ধমানের ভাতারে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ বেহালায়, প্রার্থীদের হয়ে জনসভা করেন। পরে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, সুষ্ঠু নির্বাচনের জন্য ভয়মুক্ত পরিবেশে নির্বাচন জরুরী। ( বাইট- সেলিম )

অন্যদিকে কংগ্রেস, ISF সহ অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও আজ প্রচার চালানো হচ্ছে।

উল্লেখ্য, দ্বিতীয় দফায় আগামী ২৯শে এপ্রিল ৭ টি জেলার ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে।

************************

তৃণমূল কংগ্রেস গত ১৫ বছর ধরে তোষণ, দুর্নীতি ও স্বজনপোষণের রাজনীতি করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি সাংসদ অনুরাগ সিং ঠাকুর বলেন, তৃণমূল কংগ্রেস সরকার চাকরির পরিবর্তে শুধুমাত্র স্লোগান দিয়েছে। পশ্চিমবঙ্গে বেকারত্বে হার ২৫ শতাংশে পৌঁছে গেছে। নিয়োগের ক্ষেত্রে এই সরকার দুর্নীতির সব সীমা অতিক্রম করেছে। এবারের নির্বাচন মানুষ সব অন্যায়ের উত্তর দেবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

( বাইট- অনুরাগ )

*************************

রাজ্যের প্রথম দফা বিধানসভার নির্বাচনে ভোট গ্রহনের জন্য ২ হাজার ৯৫৮ টি অক্সিলিয়ারি সহ মোট ৪৪ হাজার ৩৭৬ টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। শহরে ৫ হাজার চারশো ৮৭ টি এবং গ্রামাঞ্চলে ৩৫ হাজার ৯৩১ টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। ৫ হাজার ৬৪৪ টি ভোট গ্রহণ কেন্দ্র সম্পূর্ণ মহিলা পরিচালিত ও ২০৭ টি মডেল ভোট গ্রহণ কেন্দ্র থাকবে। বালুরঘাট ও আসানসোল উত্তর এই দুই বিধানসভা কেন্দ্রে মোট দুটি ভোট গ্রহণ কেন্দ্র বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের পরিচালিত। সব ভোট গ্রহণ কেন্দ্রেই ওয়েবকাস্টিং করা হবে। প্রথম দফা নির্বাচনে মোট ১ হাজার চারশো ৭৮ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করছেন। মহিলা প্রার্থীর সংখ্যা ১৬৭ জন।

*************************

দেশের জন প্রতিনিধিত্ব আইনের ১২৬ ধারা অনুযায়ী 'সায়লেন্স পিরিয়ডের' আইন অক্ষরে অক্ষরে মেনে চলার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে সব জেলা নির্বাচনী আধিকারিক এবং জেলার পুলিশ সুপারদের কড়া নির্দেশ পাঠানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে যাঁরা ওই কেন্দ্রের ভোটার নন এবং রাজনৈতিক কাজে লিপ্ত হয়ার জন্য বাইরে থেকে এসেছেন, তাঁদের প্রচার শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ভোটের ৪৮ ঘণ্টা আগে এলাকা ছেড়ে চলে যেতে হবে, জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও), পুলিশ সুপার ও কেন্দ্রীয় বাহিনীর সাহায্যে এই নির্দেশ কঠোর ভাবে কার্যকর করতে হবে, বহিরাগত রাজনৈতিক কর্মীদের শনাক্ত করার জন্য এলাকার হোটেল, লজ, গেস্ট

হাউস, ধর্মশালায় এবং অন্যত্র ব্যাপক চেকিং করতে হবে, জেলা ও রাজ্যের সীমানা দিয়ে যাতে কেউ বেআইনি ভাবে ঢুকতে না পারে তার জন্য আন্তজেলা এবং আন্তঃ রাজ্য চেকপোস্টে নজরদারি বাড়াতে হবে। ফ্লাইং স্কোয়াড, এসএসটি, কিউআরটি (কুইক রেসপন্স টিম) ও সেক্টর অফিসাররা নজরদারি করবে। নিয়মে কোনও লঙ্ঘন হলে দ্রুত ব্যবস্থা নেবে। এই সংক্রান্ত বিধি যথাযথ ভাবে পালন করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট থানার ও সি কে জেলার SP-কে জানাতে হবে এবং SP দের আজ রাত ৯ টার মধ্যে সার্টিফিকেট দিয়ে কমিশন কে জানানোর নির্দেশ দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে প্রথম দফার ভোট ২৩ এপ্রিল। ১৫২টি বিধানসভা আসনে। ২১ এপ্রিল সন্ধ্যা ৬টা থেকে ২৩ এপ্রিল ভোটগ্রহণ শেষ হওয়া পর্যন্ত 'সায়লেন্স পিরিয়ড' কার্যকর থাকবে। ১৪২টি আসনে দ্বিতীয় দফায় ভোটগ্রহণ ২৯ এপ্রিল হওয়া কথা। ২৭ এপ্রিল সন্ধ্যা ৬টা থেকে একই নিষেধাজ্ঞা জারি থাকবে।

**************************

ভোটের দু-দিন আগে থেকেই সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে মোটরবাইক চলাচলের ওপর বেশকিছু বিধি নিষেধ জারি করেছে নির্বাচন কমিশন।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে আজ জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে কোনও বাইক র‍্যালি বা মোটর সাইকেল মিছিল সম্পূর্ণ নিষিদ্ধ। সন্ধে ৬'টা থেকে সকাল ৬'টা পর্যন্ত মোটরবাইক চলাচলেও জারি থাকছে নিষেধাজ্ঞা। তবে জরুরি প্রয়োজনে, চিকিৎসা বা পারিবারিক কারণে এই নিয়মে ছাড় থাকবে। এই সময়ে সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত মোটরবাইকের পিছনে কোনও আরোহীকে বসানো যাবে না। যদিও স্কুল পড়ুয়া বা রোগীদের ক্ষেত্রে এই নিয়ম শিথিল করা হয়েছে।

ভোটের দিন সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত শুধুমাত্র ভোট দিতে যাওয়া বা জরুরি প্রয়োজনে বাইক চালকের পেছনে পরিবারের লোকজনই বসতে পারবেন।

নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, বিশেষ প্রয়োজনে কোনরকম ছাড় পেতে হলে, সংশ্লিষ্ট থানার কাছ থেকে লিখিত অনুমতি নিতে হবে। জেলা প্রশাসন ও পুলিশকে এই বিধিনিষেধ কড়াভাবে কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে।

************************

নির্বাচন কমিশন আজ পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ুতে, বিধানসভা নির্বাচনের জন্য 'ইন্টারন্যাশনাল ইলেকশান ভিজিটার্স প্রোগ্রাম'- IEVP-র দ্বিতীয় পর্যায়ের শুরু করেছে। নতুন দিল্লিতে আজ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এর সূচনা করেন। এক বিবৃতিতে কমিশন জানিয়েছে, এই পর্বে ১৭ টি দেশের ৩৪ জন প্রতিনিধি এই দুই রাজ্যের বিভিন্ন জায়গা সফর করে ভোটের কাজ পর্যবেক্ষণ করবেন। প্রতিনিধিরা আগামিকালই পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ুর উদ্দেশে রওনা হবেন।

************************

অবাধ ও শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে বিধানসভা নির্বাচন করার লক্ষ্যে রাজ্যপাল আর এন রবি, ২৪ ঘণ্টার একটি নাগরিক হেল্পলাইন চালুর কথা ঘোষণা করেছেন। লোকভবনেরতরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, সাধারণ মানুষ যেকোনো সহায়তা বা অভিযোগ জানানোর জন্য এই হেল্পলাইন নম্বরগুলিতে যোগাযোগ করতে পারবেন। আকাশবাণীর ফেসবুক পেজে নম্বরগুলি পাওয়া যাবে। এছাড়াও, lokbhavanbengalhelpline@gmail.com ইমেল আইডিতেও যেকোনও অভিযোগ জানানো যাবে।

************************

নির্বাচনের কাজে অধ্যাপকদের নিয়োগের ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নিষেধাজ্ঞায়, স্থগিতাদেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ। দুই বিচারপতি শম্পা সরকার ও অজয় কুমার গুপ্তার ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছে, নির্বাচন কমিশন যে সকল সরকারী কর্মচারীদের ভোটের কাজে নিযুক্ত করে, তা' সংবিধান সম্মত। নির্বাচনের শেষ লগ্নে দাঁড়িয়ে নতুন করে কর্মচারী নিয়োগ করাও কার্যত অসম্ভব বলে আদালতের পর্যবেক্ষণ। তাই পরিস্থিতির কথা বিবেচনা করে সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ। এর ফলে অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে বুথে দায়িত্ব পালনে আর কোন আইনী বাধা রইল না।

উল্লেখ্য, এর আগে গত শুক্রবার বিচারপতি কৃষ্ণা রাও কলেজের অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে নিয়োগের নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি খারিজ করে দেয়।

এরপরই সিঙ্গল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে মামলা দায়ের করে কমিশন।

*************************

পশ্চিম মেদিনীপুরের দাঁতনে বিজেপি প্রার্থী ও কর্মী সমর্থকদের উপর প্রাণঘাতী হামলার অভিযোগ উঠেছে, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

জানা গেছে, প্রচার শেষ করে বাড়ি ফেরার পথে আজ কয়েকজন দুষ্কৃতী অতর্কিত হামলা চালায়। ১০জনের বেশি বিজেপি কর্মী সমর্থক গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। প্রতিবাদে বিজেপি কর্মীরা আজ মোহনপুর থানা ঘেরাও করে বিক্ষোভ দেখান।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল নির্বাচন সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে আজ ওই জেলায় জেলাশাসকের দপ্তরে প্রশাসনিক আধিকারিক এবং সব রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, নির্বাচনকে কেন্দ্র করে কোনরকম হিংসা বরদাস্ত করা হবেনা। দাঁতনের ঘটনায় দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে তিনি জানান।

( বাইট- মনোজ/ দাঁতন )

*************************

উত্তর ২৪ পরগণার বনগাঁ দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিজেপির বিদায়ী বিধায়কের উপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। প্রচার থেকে বাড়ি ফেরার পথে গতরাতে গোপালনগর থানা এলাকার চৈতি পাড়ায় কয়েকজন দুষ্কৃতী ওই বিধায়কের গাড়ি লক্ষ্য করে ঢিল ছোঁড়ে বলে অভিযোগ। মারধোর করা হয় দলের কর্মীদের’ও।

পাল্টা তৃণমূল কংগ্রেসের অভিযোগ, তাঁদের গাড়ির ওপরেই অস্ত্র নিয়ে চড়াও হয় বিজেপি কর্মীরা। ঘটনায় তাঁদের দুই কর্মী আহত’ও হয়েছেন। এর প্রতিবাদে তারা গোপালনগর থানার সামনে বিক্ষোভ দেখান।

*************************

দক্ষিণবঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহ ও অস্বস্তিকর গরমের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এই সময়ে পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলার তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। পাশাপাশি বাঁকুড়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর সহ একাধিক জেলায় গরম ও আর্দ্রতার কারণে অস্বস্তিকর পরিস্থিতি বজায় থাকবে। সাধারণ মানুষকে দুপুর ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত জরুরী প্রয়োজন ছাড়া বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের জেলাগুলিতে ঘণ্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আলিপুরে আজ সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিক।

**************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'মহিলা ক্ষমতায়ন ও সংরক্ষণ'। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার প্রাক্তন অধ্যাপক সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

************************************************************************